

ত্রিপুরা সরকার  
স্বাস্থ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১১

আগরতলা, ১৪ জুন, ২০২৪

ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স প্রোগ্রাম  
প্রজ্ঞাতবনে কর্মশালা



প্রজ্ঞাতবনে ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স প্রোগ্রামের উপর আজ এক কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরার উদ্যোগে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে। কর্মশালায় ন্যাশনাল হেলথ সিস্টেম রিসোর্স সেন্টারের কোয়ালিটি এন্ড পেশেন্ট সেফটি ডিভিশনের উপদেষ্টা ডাঃ জে এন শ্রীবাস্তব, ন্যাশনাল হেলথ সিস্টেম রিসোর্সসেন্টারের কোয়ালিটি অ্যাসুরেন্সের পরামর্শদাতা ডাঃ অভয় দাহিয়া, রিজিওনাল রিসার্চ সেন্টারের- উত্তর পূর্বাঞ্চলের পরামর্শদাতা ডাঃ রত্বিকর সিং প্রমুখ কোয়ালিটি অ্যাসুরেন্স প্রোগ্রামের উপযোগিতা ও রাজ্যের হাসপাতালগুলিতে পরিষেবার মান আরও উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন। কর্মশালায় নাগরিকদের উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদান, চিকিৎসা পদ্ধতিকে আরও কার্যকর ও দক্ষ করে তোলা, স্বাস্থ্যকেন্দ্রগুলিকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা নিয়ে রিসোর্সপার্সনগণ বিভিন্ন জেলা থেকে আগত প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করেন। উল্লেখ্য, ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স প্রোগ্রামের মাধ্যমে সরকারি স্বাস্থ্যকেন্দ্রগুলিতে স্বাস্থ্য পরিষেবার মান যথাযথ আছে কিনা তা নিশ্চিত করা হয়।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ডাঃ সঞ্জীব দেববর্মা, জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম মিশন অধিকর্তা বিনয় ভূষণ দাস সহ অন্যান্য অধিকারিকগণ। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা শাখা থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*